

আরসিডি সার্কুলার নং- ৭৪/১৮

তারিখ : ১৮/১২/২০১৮ খ্রিঃ
০৪ পৌষ ১৪২৫ বাং

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় : কৃষি ঋণ পুনঃতফসিলিকরণ নীতিমালা প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে। সম্প্রতি ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক জারীকৃত তাদের বিআরপিডি সার্কুলার নং- ১৭ তারিখ- ১৭/১২/২০১৮ তে উল্লেখ করা হয়েছে যে-

প্রাকৃতিক দুর্যোগপ্রবণ দেশ হিসেবে বিভিন্ন সময়ে বন্যা, খরা, জলোচ্ছ্বাস, অতিবৃষ্টিসহ নানা কারণে বাংলাদেশের কৃষকেরা ফসল উৎপাদন ও আহরণে সীমাহীন দুর্ভোগের শিকার হয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। ফলে ইতোপূর্বে যে সকল কৃষক ঋণ পুনঃতফসিলিকরণ সুবিধা গ্রহণ করেছেন তাঁরা বর্ধিত সময়েও ঋণের অর্থ পরিশোধ করতে সক্ষম হচ্ছেন না মর্মে সম্প্রতি অবহিত হওয়া গেছে। ফলশ্রুতিতে পুনঃতফসিলিকৃত কৃষি ঋণের একটি বড় অংশ পুনরায় বিরূপভাবে শ্রেণীকৃত হয়ে পড়ার আশঙ্কা দেখা দিয়েছে এবং গ্রামীণ কর্মসংস্থান বাধাগ্রস্ত হয়ে সার্বিকভাবে অর্থনীতিতে এর বিরূপ প্রভাব পড়ার সম্ভাবনা রয়েছে। এতদপ্রেক্ষিতে বাংলাদেশের জাতীয় অর্থনীতিতে কৃষি খাতের গুরুত্ব বিবেচনায় ক্ষতিগ্রস্ত কৃষকদের কৃষি ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে :


- ১.১। স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলিকরণের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ডাউন পেমেন্ট গ্রহণের শর্ত শিথিল করা যাবে। ক্ষেত্র বিশেষে বিনা ডাউন পেমেন্টেও এ ধরনের ঋণ পুনঃতফসিল করা যাবে;
- ১.২। ঋণ পুনঃতফসিলের পর কৃষকদেরকে পুনরায় নতুন করে স্বল্প মেয়াদী কৃষি ঋণ প্রদান করা যাবে। এক্ষেত্রে কোন নতুন জমা ব্যতিরেকেই পুনঃতফসিল পরবর্তী নতুন ঋণ সুবিধা প্রদান করা যাবে;
- ১.৩। সার্টিফিকেট মামলা চলাকালীন সময়ে গ্রাহকের সাথে সমঝোতা (সোলেনামা) এর মাধ্যমে সার্টিফিকেট মামলা উত্তোলন/নিষ্পত্তিপূর্বক ঋণ পুনঃতফসিল করা যাবে; এবং
- ১.৪। বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৫ এর আওতায় ইতোপূর্বে পুনঃতফসিলিকৃত স্বল্প মেয়াদী কৃষি ঋণের ক্ষেত্রেও উল্লিখিত সুবিধাদি প্রযোজ্য হবে। বর্ণিত নির্দেশনা ব্যতীত ঋণ পুনঃতফসিলিকরণ সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-১৫/২০১২ ও ০৬/২০১৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে এবং উল্লিখিত সুবিধাদি ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত বলবৎ থাকবে।
- ২.০। অতএব, স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিল, নতুন ঋণ প্রদান এবং সোলেনামার মাধ্যমে সার্টিফিকেট মামলা উত্তোলন/প্রত্যাহার/নিষ্পত্তিপূর্বক ঋণ পুনঃতফসিলের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের উপর্যুক্ত সার্কুলারে উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্তে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল :
- ২.১। অনতিবিলম্বে পুনঃতফসিলযোগ্য সকল স্বল্পমেয়াদী কৃষি ঋণ (অবলোপনকৃত স্বল্পমেয়াদী কৃষি ঋণসহ) এর পুনঃতফসিলিকরণের যাবতীয় কার্যক্রম জরুরী ভিত্তিতে সম্পাদন করতে হবে। ঋণ পুনঃতফসিলিকরণ ও নতুন ঋণ প্রদানের সময় ঋণগ্রহীতা যাতে হয়রানির শিকার না হয় সে বিষয়েও খেয়াল রাখতে হবে। বিভাগীয় ও এরিয়া প্রধানগণ শাখা কর্তৃক উপর্যুক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কিনা, তা নিয়মিতভাবে মনিটরিং করবেন। উল্লেখ্য, বিআরপিডি সার্কুলার নং- ০৫/২০১৫ (অত্র ব্যাংকের আরসিডি সার্কুলার নং- ৪৬/১৫ তারিখ- ০৩/০৩/২০১৫) এর আওতায় ইতোপূর্বে পুনঃতফসিলিকৃত স্বল্প মেয়াদী কৃষি ঋণের ক্ষেত্রেও উল্লিখিত সুবিধাদি প্রযোজ্য হবে। আলোচ্য ঋণ পুনঃতফসিল সংক্রান্ত সুবিধাদি ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত বলবৎ থাকবে।
- ২.২। বাংলাদেশ ব্যাংকের উপর্যুক্ত নির্দেশনা ব্যতীত বিআরপিডি সার্কুলার নং- ১৫/২০১২ (অত্র ব্যাংকের নির্দেশ বিজ্ঞপ্তি নং- ৪২২/১২) ও ০৬/২০১৩ (অত্র ব্যাংকের নির্দেশ বিজ্ঞপ্তি নং- ৪৬৩/১৩) এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে এবং তা অনুসরণ করতে হবে।
- ২.৩। স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলের নিমিত্তে আবেদনপত্র (সংযুক্তি- ১) এবং সার্টিফিকেট মামলা দায়ের থাকলে মামলা চলাকালীন সময়ে গ্রাহক/গ্রাহকের ওয়ারিশগণের সাথে সমঝোতা (সোলেনামা) এর মাধ্যমে সার্টিফিকেট মামলা উত্তোলন/প্রত্যাহার/নিষ্পত্তির নিমিত্তে সোলেনামার নমুনা (সংযুক্তি- ২ ও ৩) সংযুক্ত করা হল।
- ২.৪। ঋণ তামাদি হয়ে থাকলে উক্ত তামাদি ঋণ নিয়মিতকরণসহ পুনঃতফসিলের ক্ষেত্রে আরসিডি সার্কুলার নং- ১৬৮ তারিখ- ০৬/০৯/১৯৯০ এর সংযুক্তি এ্যানেক্সার-‘খ’ মোতাবেক অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে। পাশাপাশি, মৃত ঋণগ্রহীতাদের ক্ষেত্রে আরসিডি সার্কুলার নং- ৩৬/১১ তারিখ- ১৯/০৬/২০১১ এর সাথে সংযুক্ত এ্যানেক্সার-‘খ-১’ মোতাবেক অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে।
- ২.৫। পুনঃতফসিলিকৃত ঋণের সংখ্যা ও পরিমাণ এরিয়াওয়ারী সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে মাসিক ভিত্তিতে নিয়মিতভাবে অত্র ডিপার্টমেন্ট-এ প্রেরণ করতে হবে। তা ছাড়া, স্বল্প মেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিল এবং সার্টিফিকেট মামলা উত্তোলন/প্রত্যাহার/নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি নিম্নোক্ত ছকে সংশ্লিষ্ট শাখার একটি রেজিস্টারে/কম্পিউটারে আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে : (টাকার অঙ্কে)

ক্রঃ নং	ঋণগ্রহীতার নাম	ঋণ হিসাব নম্বর	ঋণের উদ্দেশ্য	মঞ্জুরীর তারিখ ও ডিউডেট	বকেয়ার পরিমাণ				পুনঃতফসিলের তারিখ	পুনরায় ঋণ প্রদান		মামলা উত্তোলন/প্রত্যাহার সংক্রান্ত তথ্য (যদি থাকে)
					আসল	সুদ	অন্যান্য	মোট		তারিখ	পরিমাণ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩

৩.০০। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,


মোঃ মোস্তফা কামাল
উপ-মহাব্যবস্থাপক


মোঃ আব্দুল জব্বার
মহাব্যবস্থাপক

তারিখ :

ব্যবস্থাপক

জনতা ব্যাংক লিমিটেড

..... শাখা

.....।

বিষয় : স্বল্পমেয়াদী কৃষি ঋণ পুনঃতফসিলিকরণের আবেদন।

জনাব,

আমি/আমরা আপনার ব্যাংক শাখা হতে বিগত তারিখে টাকা (কথায় :)
..... উদ্দেশ্যে স্বল্পমেয়াদী কৃষি ঋণ গ্রহণ করিয়াছি। নানাবিধ
অসুবিধার দরুন মৌখিক ও লিখিতভাবে তাগিদ দেওয়া সত্ত্বেও ঋণের টাকা পরিশোধ করিতে পারি নাই। বর্তমানে ব্যাংকের নিকট
আমার/আমাদের দেনা সুদসহ টাকায় দাঁড়াইয়াছে। উক্ত দেনা/বকেয়া পাওনার মধ্যে টাকা অদ্য
..... তারিখে রশিদ মূলে ডাউন পেমেন্ট হিসাবে পরিশোধ করিয়া ঋণ হিসাবের বকেয়া পাওনা
টাকা ১ম দফায় ২(দুই) বৎসর/২য় দফায় ১(এক) বৎসর/৩য় দফায় ৬(ছয়) মাস এর জন্য পুনঃতফসিলিকরণের আবেদন করিলাম
(আংশিক ডাউন পেমেন্ট প্রদান/ডাউন পেমেন্ট শিথিল এর ক্ষেত্রে)/ উক্ত দেনা/বকেয়া পাওনা বাবদ টাকা ১ম দফায়
২(দুই) বৎসর/২য় দফায় ১(এক) বৎসর/৩য় দফায় ৬(ছয়) মাস এর জন্য পুনঃতফসিলিকরণের আবেদন করিলাম (ডাউন পেমেন্ট
ব্যতিরেকে ঋণ পুনঃতফসিলের ক্ষেত্রে)। পুনঃতফসিলকৃত টাকা আগামী তারিখের মধ্যে পরিশোধ করিবার অঙ্গীকার
করিলাম।

অনুগ্রহপূর্বক আমার/আমাদের আবেদন বিবেচনা করিয়া বাধিত করিবেন।

নিবেদক

স্বাক্ষর :
ঋণগ্রহীতার নাম :
পিতার নাম :
মাতার নাম :
ঠিকানা :
ভোটার আইডি নম্বর :
মোবাইল নম্বর (যদি থাকে) :
ঋণ হিসাব নম্বর :



সোলেনামা

(কার্টিজ পেপারে নির্ধারিত দরখাস্তের কোর্ট ফি দিয়ে সম্পাদন)

সংযুক্তি-২

(ঋণ পুনঃতফসিল করতঃ মামলা প্রত্যাহারের
জন্য সোলেনামার নমুনা)
আরসিডি সার্কুলার নং- ৭৪/১৮ এর সংযুক্তি।

মোকাম : সার্টিফিকেট অফিসার, সার্টিফিকেট আদালত,।
সার্টিফিকেট মোকদ্দমা নং।
১ম পক্ষ : ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, শাখা,। ঋণ প্রদানকারী ব্যাংক।
২য় পক্ষ : ঋণগ্রহীতা/ঋণগ্রহীতার ওয়ারিশগণের নাম :
পিতার নাম : মাতার নাম :
গ্রাম : ডাকঘর : উপজেলা :
জেলা :। ঋণগ্রহীতা/ঋণগ্রহীতার ওয়ারিশগণ।

১ম পক্ষ কর্তৃক তারিখে ২য় পক্ষের অনুকূলে প্রদত্ত স্বল্প মেয়াদী কৃষি ঋণ সময়মত পরিশোধ না করায় বিগত
..... তারিখের হিসাবানুযায়ী টাকা আদায়ের নিমিত্তে প্রচলিত বিধি মোতাবেক সার্টিফিকেট মোকদ্দমা/ মামলা
নং তারিখ দায়ের করা হয়, যাহা আদালতে বিচারাধীন রহিয়াছে।

সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং- ১৭ তারিখ : ১৭/১২/২০১৮ এর আলোকে মামলাটি উত্তোলন/প্রত্যাহার/
নিষ্পত্তিপূর্বক ২য় পক্ষ ঋণগ্রহীতা/ঋণগ্রহীতার ওয়ারিশগণ কর্তৃক ঋণটি পরিশোধের নিমিত্তে পুনঃতফসিলকরণ সুবিধা গ্রহণ করিতে চাহিলে
নিম্ন বর্ণিত শর্তে উভয় পক্ষ সমঝোতার ভিত্তিতে উহাতে সম্মত হইয়া বিজ্ঞ আদালতে অত্র সোলেনামা দাখিল করিলাম।

শর্তাবলী :

- ০১। ২য় পক্ষ বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্ত অনুযায়ী ঋণের সমুদয় পাওনা আগামী তারিখের মধ্যে
এককালীন/বার্ষিক/ ষান্মাসিক/ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধ করিবেন।
- ০২। ২য় পক্ষ হালনাগাদ মামলা ও অন্যান্য খরচ বাবদ টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করিবেন।
- ০৩। ২য় পক্ষ কর্তৃক পুনঃতফসিলকৃত ঋণটির সমুদয় পাওনা উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ না করিলে ১ম পক্ষ কর্তৃক
২য় পক্ষের নিকট হতে ঋণের সমুদয় পাওনা আদায়ের লক্ষ্যে পুনরায় সার্টিফিকেট আদালতে মোকদ্দমা দায়ের করিতে
পারিবে/মোকদ্দমা পুনরুজ্জীবিত হইবে।
- ০৪। মামলা/মোকদ্দমার খরচ ২য় পক্ষ বহন করিবেন।
- ০৫। অত্র সোলেনামার ভিত্তিতে সার্টিফিকেট মামলাটি প্রত্যাহার/নিষ্পত্তি হইবে এবং অত্র সোলেনামার দরখাস্তটি বিজ্ঞ
আদালতের আদেশের একটি অংশ মর্মে গণ্য হইবে।

আমরা উভয় পক্ষ এতদ্বার্থে স্বেচ্ছায়, সজ্ঞানে, সুস্থ মস্তিষ্কে এবং অন্যের বিনা প্ররোচনায় অত্র সোলেনামার বিষয়বস্তু দেখিয়া,
পড়িয়া, বুঝিয়া এবং উহার অন্তর্নিহিত অর্থ উপলব্ধি করিয়া অত্র সোলেনামায় অদ্য ইং তারিখে নিম্নোক্ত
সাক্ষীগণের উপস্থিতিতে নিজ নিজ নাম সহ সম্পাদন করিলাম।

সাক্ষীগণ

১ম পক্ষ

২য় পক্ষ

১।

২।

সোলেনামা

(কার্টিজ পেপারে নির্ধারিত দরখাস্তের কোর্ট ফি দিয়ে সম্পাদন)

সংযুক্তি-৩

(সুদ মওকুফ সুবিধা প্রদান করতঃ মামলা
প্রত্যাহারের জন্য সোলেনামার নমুনা)
আরসিডি সার্কুলার নং- ৭৪/১৮ এর সংযুক্তি।

মোকাম : সার্টিফিকেট অফিসার, সার্টিফিকেট আদালত,।

সার্টিফিকেট মোকদ্দমা নং-।

১ম পক্ষ : ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, শাখা,। ঋণ প্রদানকারী ব্যাংক।

২য় পক্ষ : ঋণগ্রহীতা/ঋণগ্রহীতার ওয়ারিগণের নাম :।

পিতার নাম : মাতার নাম :।

গ্রাম : ডাকঘর : উপজেলা :।

জেলা :। ঋণগ্রহীতা/ঋণগ্রহীতার ওয়ারিশগণ।

১ম পক্ষ কর্তৃক তারিখে ২য় পক্ষের অনুকূলে প্রদত্ত স্বল্পমেয়াদী কৃষি ঋণ সময়মত পরিশোধ না করায় বিগত
..... তারিখের হিসাবানুযায়ী টাকা আদায়ের নিমিত্তে প্রচলিত বিধি মোতাবেক সার্টিফিকেট
মোকদ্দমা/মামলা নং- তারিখ দায়ের করা হয়, যাহা আদালতে বিচার্য্যীন রহিয়াছে।

সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং- ১৭ তারিখ : ১৭/১২/২০১৮ এর আলোকে মামলাটি উত্তোলন/প্রত্যাহার/
নিষ্পত্তিপূর্বক ২য় পক্ষ ঋণগ্রহীতা/ঋণগ্রহীতার ওয়ারিশগণ কর্তৃক ঋণ হিসাবটি সমন্বয়ের নিমিত্তে সুদ মওকুফ সুবিধা গ্রহণ করিতে চাহিয়া
সুদ মওকুফের আবেদন করিলে ১ম পক্ষ ব্যাংক কর্তৃক উক্ত আবেদনের পরিশ্রেক্ষিতে ব্যাংকের বিদ্যমান কৃষি ও পল্লী ঋণের সুদ মওকুফের
নীতিমালা অনুযায়ী ঋণের পরিশোধযোগ্য দায় টাকা তারিখের মধ্যে পরিশোধ সাপেক্ষে আরোপিত
সুদের % বাবদ টাকা এবং অনারোপিত সুদ (সাধারণ ও দন্ড) এর % বাবদ
টাকা মওকুফের অনুমোদন প্রদান করায় নিম্ন বর্ণিত শর্তে উভয় পক্ষ সমঝোতার ভিত্তিতে উহাতে সম্মত হইয়া বিজ্ঞ আদালতে অত্র
সোলেনামা দাখিল করিলাম।

শর্তাবলী :

- ০১। ২য় পক্ষ সুদ মওকুফ সুবিধার আওতায় ঋণের পরিশোধযোগ্য দায় টাকা নির্ধারিত সময়সীমা
তারিখের মধ্যে পরিশোধ করিবেন।
- ০২। ২য় পক্ষ হালনাগাদ মামলা ও অন্যান্য খরচ বাবদ টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করিবেন।
- ০৩। ২য় পক্ষ কর্তৃক সুদ মওকুফ সুবিধার আওতায় ঋণের পরিশোধযোগ্য দায় টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ
না করিলে ১ম পক্ষ কর্তৃক ২য় পক্ষের নিকট হতে ঋণের সমুদয় পাওনা আদায়ের লক্ষ্যে পুনরায় সার্টিফিকেট আদালতে মোকদ্দমা
দায়ের করিতে পারিবে/মোকদ্দমা পুনরুজ্জীবিত হইবে।
- ০৪। মামলা/মোকদ্দমার খরচ ২য় পক্ষ বহন করিবেন।
- ০৫। অত্র সোলেনামার ভিত্তিতে সার্টিফিকেট মামলাটি প্রত্যাহার/নিষ্পত্তি হইবে এবং অত্র সোলেনামার দরখাস্তটি বিজ্ঞ আদালতের
আদেশের একটি অংশ মর্মে গণ্য হইবে।

আমরা উভয় পক্ষ এতদ্বার্থে স্বেচ্ছায়, সজ্ঞানে, সুস্থ মস্তিষ্কে এবং অন্যের বিনা প্ররোচনায় অত্র সোলেনামার বিষয়বস্তু দেখিয়া, পড়িয়া,
বুঝিয়া এবং উহার অন্তর্নিহিত অর্থ উপলব্ধি করিয়া অত্র সোলেনামায় অদ্য ইং তারিখে নিম্নোক্ত সাক্ষীগণের
উপস্থিতিতে নিজ নিজ নাম সহ সম্পাদন করিলাম।

সাক্ষীগণ

১ম পক্ষ

২য় পক্ষ

১।

২।

